

পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় না পেয়ে ক্ষোভ  
প্রধানমন্ত্রীর গাড়ির  
বহরে ইট নিক্ষেপ  
সংঘর্ষ, আহত ২৫

রংপুর থেকে জেলা বার্তা পরিবেশক :  
কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজকে পূর্ণাঙ্গ  
বিশ্ববিদ্যালয় ঘোষণা না করায় ক্ষুব্ধ ছাত্ররা  
প্রধানমন্ত্রী শেখ হাসিনার গাড়ির বহরে  
হামলা করেছে। বিজ্ঞান ও প্রযুক্তি  
বিশ্ববিদ্যালয়ের ভিত্তিফলক স্থাপন করার  
পর ক্ষুব্ধ ছাত্রদের সঙ্গে পুলিশের ব্যাপক  
সংঘর্ষ হয়। এতে ২৮ জন ছাত্র আহত  
হয়েছে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে  
রাবার বুলেট, কাঁদানে গ্যাস নিক্ষেপ করে।  
ছাত্ররা ইট-পাটকেল ছোড়ে ও ককটেল  
বিক্ষেপণ ঘটায়। ১৫ জন পুলিশসহ ২৮  
জন আহত হয়েছে। এদের মধ্যে ৩ জন  
পুলিশের অবস্থা গুরুতর।

প্রধানমন্ত্রী অনুষ্ঠানশেষে চলে যাওয়ার  
পরপরই তার গাড়ির বহরের পেছন দিক  
থেকে উচ্ছৃংখল ছাত্ররা ইট-পাটকেল নিক্ষেপ  
করে ও ককটেল বিক্ষেপণ ঘটায়। এতে  
১২টি গাড়ির ক্ষতি হয়। পুলিশ পরিস্থিতি  
নিয়ন্ত্রণে আনতে লাঠিচার্জ করে। এ সময়  
ছাত্রদের ককটেল ও ইটের আঘাতে ও  
পুলিশ গুরুতর আহত হলে পুলিশ পরিস্থিতি  
নিয়ন্ত্রণে আনতে রাবার বুলেট ও কাঁদানে  
গ্যাস ছোড়ে। এ সময় ছাত্রদের সাথে  
পুলিশের কয়েক দফা ধাওয়া-পাল্টা ধাওয়া  
হয় ও সংঘর্ষ বাধে। ছাত্ররা কারমাইকেল  
কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ের দাবিতে  
মিছিল করে। প্রধানমন্ত্রীর অনুষ্ঠান মঞ্চের  
দিকে আসার চেষ্টা করলে পুলিশ বাধা দেয়  
এবং সংঘর্ষের সূত্রপাত ঘটে।